Australian Government
Department of Home Affairs

# অস্ট্রেলিয়ায় কর্মক্ষেত্রের অধিকার

## কার অস্ট্রেলিয়ায় কর্মক্ষেত্রের অধিকার আছে?

অস্ট্রেলিয়ার কর্মক্ষেত্র আইন সেইসব কর্মীদের সুরক্ষা দেয় যাদের প্রাথমিক কর্মস্থল অস্ট্রেলিয়াতে, অথবা অস্ট্রেলিয়ান নিয়োগকর্তার দ্বারা নিযুক্ত কর্মীরা। অস্ট্রেলিয়ার কর্মক্ষেত্র আইনের দ্বারা সুরক্ষা পেতে অস্ট্রেলিয়ার নাগরিক বা স্থায়ী বাসিন্দা হতে হবে না।

অস্ট্রেলিয়া কর্মরত সকলের মতোই ভিসাধারী কর্মীদের ক্ষেত্রে একই অধিকার এবং সুরক্ষা রয়েছে। কোনো চুক্তি বা মতৈক্যের চুক্তি থাকলেও এইসব অধিকারগুলিকে বাদ দেয়া যায় না।

## আমি সাহায্যের জন্য কোথায় যেতে পারি?

দ্য ফেয়ার ওয়ার্ক ওম্বুডসম্যান[1] (FWO) অস্ট্রেলিয়ান কর্মক্ষেত্রের আইন প্রয়োগ করে।

FWO-এর কাছে সহায়ক অনলাইন টুল রয়েছে যেখানে আপনি আপনার বেতন এবং মজুরি যাচাই করতে পারবেন এবং একটি বেতন ক্যালকুলেটর (pay calculator)[2] ব্যবহার করতে পারেন। আপনি একটি Record My Hours অ্যাপ - Fair Work Ombudsman ব্যবহার করে দ্রুত এবং সহজেই আপনার কর্ম ঘণ্টাগুলি রেকর্ড করতে পারেন।[3]

যদি আপনি উদ্বিগ্ন হন যে আপনার নিয়োগকর্তা আপনার সাথে ন্যায্য আচরণ করছেন না বা অস্ট্রেলিয়ান কর্মক্ষেত্রের আইন মেনে চলছেন না, তাহলে তথ্য, পরামর্শ বা সাহায্যের জন্য আপনি FWO-এর সাথে যোগাযোগ করতে পারেন।
আপনি তাদেরকে 13 13 94 নম্বরে কল করতে পারেন।

আপনি অন্যান্য সংস্থা, যেমন লিগ্যাল এইড, একটি কমিউনিটি আইনি কেন্দ্র বা কোনো ইউনিয়ন থেকে বিনামূল্যে আইনি সহায়তা পেতে পারেন।[4]

## আমার ভিসার কী হবে?

আপনার নিয়োগকর্তা আপনার ভিসা বাতিল করতে পারবেন না, এমনকি যদি আপনি আপনার ভিসার শর্তাবলী লঙ্ঘন করেও থাকেন। অস্ট্রেলিয়ান বর্ডার ফোর্স (ABF) সহ শুধুমাত্র স্বরাষ্ট্র বিভাগ (Home Affairs) ভিসা মঞ্জুর করতে, প্রত্যাখ্যান করতে বা বাতিল করতে পারে।

অস্ট্রেলিয়ান সরকার এমন আইন চালু করেছে যা কর্মক্ষেত্রে শোষণের সম্মুখীন ভিসাধারীদের সুরক্ষায় সহায়তা করে। এই নতুন সুরক্ষাগুলি একটি শক্তিশালী প্রতিবেদন সুরক্ষা পাইলটের অংশ।[5]

আপনি যদি **কাজ করার অনুমতিসহ অস্থায়ী ভিসায়** থাকেন, তাহলে আপনি এই পাইলটের জন্য যোগ্য হতে পারেন।

যদি আপনি একজন অস্থায়ী ভিসাধারী হন এবং **কাজ করার অনুমতি না পান**, তাহলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় (হোম অ্যাফেয়ার্স) আপনার মামলাটি তার যোগ্যতার ভিত্তিতে বিবেচনা করবে।

আপনি যদি পাইলটের জন্য যোগ্য হন, তাহলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় (হোম অ্যাফেয়ার্স) আপনার ভিসা **বাতিল করবে না** যদি:

- আপনি কাজের সাথে সম্পর্কিত ভিসার শর্ত লঙ্ঘন করে থাকেন, এবং
- ভিসা লঙ্ঘনের সাথে কর্মক্ষেত্রে শোষণের মধ্যে একটি যোগসূত্র রয়েছে, এবং
- যদি আরও কিছু শর্ত পূরণ করা হয়।

নতুন রিপোর্টিং সুরক্ষা অ্যাক্সেস করতে, আপনাকে অবশ্যই:

- আপনার কর্মক্ষেত্রের শোষণের বিষয়টি কোনও অংশগ্রহণকারী সরকারি সংস্থা বা কোনও স্বীকৃত তৃতীয় পক্ষ দ্বারা প্রত্যয়িত করুন, হোম অ্যাফেয়ার্স[6] কে অবহিত করার আগে।
- কর্মক্ষেত্রে শোষণের বিষয়টি এবং ভিসার শর্ত লঙ্ঘনের মধ্যে যোগসূত্রের রূপরেখা তৈরি করুন, এবং
- ভবিষ্যতে আপনার ভিসার শর্তাবলী মেনে চলার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হোন।

আপনার কর্মক্ষেত্রে শোষণের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে (হোম অ্যাফেয়ার্স) অবহিত করার জন্য, আপনি স্ট্রেংদেনিং রিপোর্টিং প্রোটেকশন রিকুয়েস্ট প্রসেস ফর্ম পূরণ করতে পারেন।[7]

## কর্মস্থলে আমার অধিকারগুলি কী কী?

অস্ট্রেলিয়ায় কর্মক্ষেত্রে আপনার অধিকার সম্পর্কে কিছু নিয়ম রয়েছে, যেমন আপনাকে সর্বনিম্ন কত টাকা বেতন

[1] https://www.fairwork.gov.au/
[2] https://calculate.fairwork.gov.au/findyouraward
[3] https://www.fairwork.gov.au/tools-and-resources/record-my-hours-app
[4] https://www.fairwork.gov.au/tools-and-resources/other-workplace-relations-help/legal-help
[5] https://immi.homeaffairs.gov.au/visas/working-in-australia/work-rights-and-exploitation/strengthening-reporting-protections-pilot
[6] https://immi.homeaffairs.gov.au/visas/working-in-australia/work-rights-and-exploitation/strengthening-reporting-protections-pilot#content-index-3
[7] https://immi.homeaffairs.gov.au/visas/working-in-australia/work-rights-and-exploitation/strengthening-reporting-protections-pilot/request-process-form

দেওয়া যেতে পারে (১ জুলাই ২০২৪ তারিখে প্রাপ্তবয়স্ক পূর্ণকালীন এবং খণ্ডকালীন কর্মীদের জন্য বর্তমান জাতীয় সর্বনিম্ন মজুরি $২৪.১০ প্রতি ঘন্টা), আপনাকে সর্বোচ্চ কত ঘন্টা কাজ করতে হবে এবং কতবার আপনাকে বিরতি দিতে হবে।
এই নিয়মগুলি বিভিন্ন জায়গায় পাওয়া যাবে যেমন একটি অ্যাওয়ার্ড[8] বা নিবন্ধিত কর্মসংস্থান চুক্তি (যেমন একটি এন্টারপ্রাইজ চুক্তি)[9], বা একটি কর্মসংস্থান চুক্তি।

*ফেয়ার ওয়ার্ক অ্যাক্ট ২০০৯* (Cth) [10] এর অধীনে অন্যান্য অস্ট্রেলিয়ান কর্মীদের মতো ভিসাধারীদের একই মৌলিক অধিকার এবং সুরক্ষা রয়েছে বিদ্যমান।

এর মধ্যে রয়েছে:

- বেতন এবং মজুরি - উদাহরণস্বরূপ, ১ জুলাই ২০২৪ তারিখে প্রাপ্তবয়স্কদের জন্য বর্তমান জাতীয় ন্যূনতম ঘন্টায় মজুরি পূর্ণকালীন এবং খণ্ডকালীন কর্মীদের জন্য প্রতি ঘন্টায় $২৪.১০। ন্যূনতম বেতনের হার সাধারণত বার্ষিকভাবে হালনাগাদ করা হয়।
- কিছু পরিস্থিতিতে অন্যায্যভাবে বরখাস্ত ('কর্মচ্যুত করা' বা 'বরখাস্ত') হওয়া থেকে সুরক্ষা।*
- কর্মক্ষেত্রে অধিকার প্রয়োগের জন্য বৈষম্য (খারাপ আচরণ) থেকে সুরক্ষা - উদাহরণস্বরূপ, অসুস্থতা বা আঘাতের কারণে কাজ করতে না পারলে ছুটি নেওয়া, অথবা তাদের কর্মসংস্থান সম্পর্কে অভিযোগ বা অনুসন্ধান করা।
- কর্মক্ষেত্রে যৌন হয়রানি এবং বুলিয়িং/উস্কানি থেকে সুরক্ষা।
- বৈষম্য থেকে সুরক্ষা - এর মধ্যে রয়েছে বয়স, অক্ষমতা, লিঙ্গ, জাতি, যৌন অভিমুখিতা এবং বিশ্বাসের ভিত্তিতে বেআইনি বৈষম্য থেকে সুরক্ষা।

*যদি আপনার মনে হয় আপনাকে অন্যায্য বা বেআইনিভাবে বরখাস্ত করা হয়েছে, সেক্ষেত্রে ফেয়ার ওয়ার্ক কমিশনের (Fair Work Commission) কাছে অভিযোগ করার জন্য আপনার কাছে ২১ দিন সময় আছে। নিয়ম এবং ব্যতিক্রম প্রযোজ্য। আপনার এই বিষয়ে সরাসরি পরামর্শ নেওয়া উচিত।[11]

আপনার ভিসার শর্তাবলী মেনে চলা গুরুত্বপূর্ণ। আপনার ভিসার শর্ত পূরণের সক্ষমতা সম্পর্কে যদি আপনার কোনও উদ্বেগ থাকে, তাহলে আপনার উচিত একজন নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট (RMA) অথবা আইনি প্রতিনিধির সাথে আলোচনা করা অথবা ডিপারট্মেন্ট অফ হোম অ্যাফেয়ার্স এর সাথে যোগাযোগ করা।[12]

তবে, আপনার অভিবাসনের অবস্থা যাই হোক না কেন, কর্মক্ষেত্র আইনের অধীনে আপনার অধিকার এবং সুরক্ষা রয়েছে।

এর মধ্যে মাইগ্রেশন আইনের অধীনে থাকা পরিস্থিতিগুলি অন্তর্ভুক্ত রয়েছে যখন আপনি:

- আপনার ভিসার একটি শর্ত লঙঘন করেছেন,
- আপনার ভিসার শর্তাবলী অনুসারে অস্ট্রেলিয়ায় কাজ করার অধিকার নেই, অথবা
- বর্তমানে ভিসা নেই।

## কর্মক্ষেত্রে শোষণের লক্ষণগুলি কী কী?

শোষণমূলক আচরণের মধ্যে বিভিন্ন ধরণের পরিস্থিতি অন্তর্ভুক্ত থাকতে পারে যেখানে কর্মক্ষেত্রে একজন কর্মীর সাথে দুর্ব্যবহার করা হচ্ছে।[13] এটি বিভিন্ন ভাবে হতে পারে, যেমন:

- আপনার ভিসা বাতিলের হুমকি।
- কাজ করতে বাধ্য করা হচ্ছে।
- মাত্রাতিরিক্ত সময় ধরে কাজ করা।
- কম মজুরি এবং অবৈতনিক প্রশিক্ষণ।
- পে স্লিপ বা বেতনের রসিদ প্রদানে ব্যর্থতা।
- মজুরি থেকে অন্যায্য কর্তন (যেমন বাসস্থান, প্রশিক্ষণ, খাদ্য বা পরিবহন), আমানত বা 'ক্যাশ-ব্যাক' প্রকল্প।[14]
- কর্মক্ষেত্রের প্রাপ্যতা না পাওয়া, উদাহরণস্বরূপ, অসুস্থতা এবং বার্ষিক ছুটি বা সুপারঅ্যানুয়েশন সহ বেতনভুক্ত ছুটি।
- আপনার পাসপোর্ট অন্য কারো কাছে নিয়ে যাওয়া এবং ধরে রাখা।
- আপনার নির্দিষ্ট ভিসার শর্তের বাইরে কাজ করার চাপ।
- চাকরির জন্য অগ্রিম অর্থ প্রদান বা 'আমানত' করার চাপপ্রয়োগ।
- নিয়োগকর্তা কর্তৃক আপনাকে নগদ অর্থ প্রদান করে কর প্রদান এড়ানো।
- কর্মচারীর পরিবর্তে একজন স্বাধীন ঠিকাদার হিসেবে শ্রেণীবদ্ধ করা।
- অনিরাপদ পরিস্থিতিতে কাজ করা।
- আপনার নিয়োগকর্তা আপনাকে থাকার জন্য নিম্নমানের আবাসন প্রদান করছেন, যার মধ্যে আপনাকে সেই আবাসনের জন্য অর্থ প্রদান করতে বাধ্য করাও অন্তর্ভুক্ত।
- কর্মক্ষেত্র ত্যাগ করতে দেওয়া হচ্ছে না।
- ইউনিয়নে যোগদান না করার জন্য চাপ।

কর্মক্ষেত্রে শোষণ তখন ঘটে যখন নিয়োগকর্তারা অসাবধানতাবশত বা ইচ্ছাকৃতভাবে কর্মক্ষেত্রের অধিকার এবং বাধ্যবাধকতাগুলি জানেন না, বোঝেন না বা মেনে চলেন না।

## আমার ভিসার শর্তাবলী আমার কর্মক্ষেত্রের অধিকারকে কীভাবে প্রভাবিত করে?

[8] https://www.fairwork.gov.au/employment-conditions/awards
[9] https://www.fairwork.gov.au/employment-conditions/agreements
[10] https://www.legislation.gov.au/C2009A00028/latest/versions
[11] https://www.fairwork.gov.au/ending-employment/unfair-dismissal
[12] https://immi.homeaffairs.gov.au/visas/already-have-a-visa/check-visa-details-and-conditions/see-your-visa-conditions
[13] 'শোষণ' কে ফৌজদারি আইনের উপধারা ২৭১.১এ দ্বারা সংজ্ঞায়িত করা হয়েছে – https://www.legislation.gov.au/C2004A04868/latest/text/2
[14] সমস্ত কর্তনই অন্যায্য বিবেচিত হবে না।

আপনার অস্ট্রেলিয়ান ভিসায় আপনি কোন কাজ করতে পারবেন বা করতে পারবেন না তার সাথে সম্পর্কিত শর্তাবলী অন্তর্ভুক্ত থাকতে পারে। এই ভিসার শর্তাবলীর কারণে একজন নিয়োগকর্তা যুক্তিসঙ্গতভাবে আপনাকে কোনও কাজ করতে বা না করার নির্দেশ দিতে পারেন। উদাহরণস্বরূপ, যদি আপনার ভিসার শর্তাবলী আপনাকে শুধুমাত্র একটি নির্দিষ্ট পেশায় কাজ করার অনুমতি দেয়, তাহলে আপনার নিয়োগকর্তা আপনাকে কেবল সেই ক্ষেত্রটিতেই কাজ করার নির্দেশ দিতে পারেন।

আপনার ভিসা গ্রান্টে চিঠিতে আপনার ভিসার ক্ষেত্রে প্রযোজ্য যেকোনো শর্ত সম্পর্কে তথ্য থাকবে। বিকল্পভাবে, আপনি ভিসা এনটাইটেলমেন্ট ভেরিফিকেশন অনলাইন/Visa Entitlement Verification Online: ভিসাধারীদের জন্য অনুসন্ধান (immi.gov.au) এর মাধ্যমে আপনার ভিসার বিবরণ সহ, ভিসার শর্তাবলী যাচাই করতে স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের (Department of Home Affairs) (VEVO)[15] ওয়েবসাইট দেখুন।

যদি আপনি কোন RMA বা আইনজীবি নিযুক্ত করে থাকেন, তাহলে তারাও আপনার ভিসার শর্তাবলী সম্পর্কেও আপনাকে নির্দেশনা দিতে পারবেন।

## আরো তথ্য

ভিসাধারী এবং অভিবাসী - ফেয়ার ওয়ার্ক ওম্বাডস্ম্যান[16]

দ্যা ন্যাশনাল এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ড (NES)[17] হল ন্যূনতম কর্মসংস্থানের অধিকার যা বেশিরভাগ কর্মীর ক্ষেত্রে প্রযোজ্য।

দ্যা ফেয়ার ওয়ার্ক ইনফরমেশন স্টেটমেন্ট (FWIS)[18] -তে ন্যাশনাল এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ড (NES) এবং অন্যান্য ন্যূনতম অধিকার সম্পর্কে তথ্য রয়েছে। সকল নতুন কর্মীকে তাদের নিয়োগকর্তাদের FWIS প্রদান করতে হবে।

**ফেয়ার ওয়ার্ক ওম্বাডস্ম্যান**

**অস্ট্রেলিয়ান ট্যাক্স অফিস**

**ফেয়ার ওয়ার্ক কমিশন**

**অস্ট্রেলিয়ান ট্যাক্স অফিস**

**রিপোর্টিং সুরক্ষা পাইলট শক্তিশালীকরণ**

**কর্মক্ষেত্রের বিচার ভিসা পাইলট**

**অস্ট্রেলিয়ান ফেডারেল পুলিশ**

**এই নথিটি স্বরাষ্ট্র বিভাগ (Department of Home Affairs) কর্তৃক প্রকাশিত, এবং RMA দ্বারা বিতরণের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে। এই নথিটি কোনও RMA কর্তৃক আইনি পরামর্শ বা অভিবাসন সহায়তা প্রদানের ক্ষেত্রে ব্যবহারের জন্য নয়।**

[15] https://online.immi.gov.au/evo/firstParty?actionType=query
[16] https://www.fairwork.gov.au/find-help-for/visa-holders-migrants
[17] https://www.fairwork.gov.au/employment-conditions/national-employment-standards
[18] https://www.fairwork.gov.au/employment-conditions/information-statements/fair-work-information-statement